[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রশিক্ষণে পেট্রোল, অকটেন থেকে আগুন বা অফিস অথবা বাসা বাডীতে গ্যাস সিলিন্ডার বা অন্য কোনভাবে হঠাৎ আগুন লাগলে করণীয় বিষয়ে প্র্যাকটিক্যালে মহড়া দেখানো ও শেখানো হয়।

এ সময় প্রাণী সম্পদ অফিসার ডাঃ মোস্তফা জামান, উপ-সহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা (প্রাণী স্বাস্থ্য) আলী হোসেন, অফিস সহকারী/ কম্পিউটার অপারেটর মহিউজ্জামান রেজা, সহ সকল কর্মচারী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে ৩৪

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণের ঘটনায় শাহাদৎ হোসেন সিফাত (১৮) নামে আরও এক মুসল্লির মৃত্যু হয়েছে। এ নিয়ে বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ৩৪ জনে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় তার।

প্রসঙ্গত, গত ৪ সেপ্টেম্বর শুক্রবার রাত পৌনে ৯টার দিকে নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লার পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিস্ফোরণ ঘটে।

এ সময় গুরুতর দগ্ধ অবস্থায় ৩৭ জনকে উদ্ধার করে শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। তাদের মধ্যে চিকিৎসাধীন অবস্থায় ৩৪ জন মারা গেলেন।

বর্তমানে হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন আরো দুই জন এবং সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এক জন।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[

দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় তাকে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহিত হয়।

সোমবার সন্ধ্যায় শহরের টাউন হলের জেলা আওয়ামী লীগের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদ চেয়ারম্যান সরদার মো. শাহআলম।

জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক অ্যাডভোকেট এম আলম খান কামাল জানান, দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় সর্বসম্মতিক্রমে সাংগঠনিক সম্পাদক শারমিন মৌসূমী কেকাকে বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী তার বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, গত ৩০ আগস্ট রাত ৮টার দিকে এক গৃহবধূকে জিম্মি করে সারারাত নির্যাতন শেষে মুক্তিপণ আদায় ও মাথার চুল কেটে শরীরের বিভিন্ন স্থানে চুন মাখিয়ে দেন আওয়ামী লীগ নেত্রী শারমিন মৌসূমী কেকা ও তার লোকজন। এ সময় ওই নির্যাতিত নারীর বিনীত অনুরোধে তার প্রাণ ভিক্ষা দেয়ার কথা বলে এ কথা কাউকে জানালে আগুন ধরিয়ে দেয়ারও হুমকি দেয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুরের পাঁচ তরুণের কেওক্রাডং জয়

রাশিদুল ইসলাম রনি, উজ্জল খান, সুমন রেজা, এনামুল হক ও মুহাইমিনুল ইসলাম মিলন। এই চার তরুণ বাংলাদেশের ২য় সর্বোচ্চ কেওক্রাডং জয় করেছেন। ৩২৩৫ ফুট উচু এ পর্বত জয় করে তারা তার সর্বোচ্চ চুড়ায় বাংলাদেশ পতাকা উড়িয়েছে।

গত রবিবার তারা এই পাঁচ তরুণ পর্বত জয় করেন। এর আগে তারা কেওক্রাডং এর উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করেন বৃহস্পতিবার।

কেওক্রাডং জয়ের আগে তারা বান্দরবানের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলো পরিদর্শন করেন । আজ তাদের মেহেরপুর ফেরার কথা রয়েছে।

মেহেরপুরের দরবেশপুরে জোড়া খুন মামলায় আরো এক আসামীর আত্মসমর্পণ

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের জোড়া খুনের মামলায় মুক্তি খাতুন নামের এক মহিলা আদালতে আত্মসমর্পণ করেছেন।

সোমবার দুপুরের দিকে মুক্তি খাতুন মেহেরপুর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করলে বিচারক মোহাম্মদ শাহিন রেজা তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। মুক্তি খাতুন নতুন দরবেশপুর গ্রামের ওয়াজ কুরুনীর স্ত্রী। এনিয়ে দরবেশপুর গ্রামের জোড়া খুন মামলায় মোট ১১ জনকে কারাগারে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, ২০১৯ সালের ১২ সেপ্টেম্বর রাতে মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে রোকনুজ্জামান ও হাসানুজ্জামান নামের দুই ব্যক্তি কে নির্মমভাবে হত্যা করা হয়।
ওই ঘটনায় মামলা দায়েরের পর তদন্তকারী কর্মকর্তা মেহেরপুর সদর থানার এসআই আহসান হাবীব এর আগে মোট ১০ জন আসামিকে আটক করেছেন।

আটক ব্যক্তিদের মধ্যে একাধিক ব্যক্তি আদালত স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

মেহেরপুরে শুভ সংঘের আলোচনা সভা, কমিটি অভিষেক

করোনাকালে স্বাস্থ্য সুরক্ষায় সচেতনতা মূলক পথ র্যালী কর্মসূচী পালন করার লক্ষে কালের কণ্ঠ-শুভ মেহেরপুর জেলা শাখার আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সোমবার বিকালে মেহেরপুরের ছহিউদ্দিন ডিগ্রি কলেজ ক্যাম্পাস চত্বরে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন শুভ সংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি ও ছহিউদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ একরামুল আযীম ।

জেলা শাখার সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগের সঞ্চালনায় বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, কমিটির উপদেষ্টা সাংবাদিক মাহাবুব চান্দু, সহকারি অধ্যাপক লুতফর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক শাওন আহমেদ, যুগ্ম সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ, সাহিত্য বিষয়ক সম্পাদক সোহেল রানা, প্রচার ও প্রকাশনা সম্পাদক ওমর ফারুক বাপ্পী, বিজ্ঞান বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান, সদস্য মাহফুজ আলম ইমন প্রমুখ।

সভায় আগামি ১৫ দিনের মধ্যে বিশ্বব্যাপী করোনা মহামারী থেকে নতুন করে সচেতনতা করতে সামাজিক দূরত্ব বজায় রেখে পথ র্যালী করার সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে জেলা কমিটির অভিষেক অনুষ্ঠিত হয়। কমিটিতে সভাপতি অধ্যক্ষ একরামুল আযীম সভাপতি, সহসভাপতি লুতফর রহমান, রফিকুল ইসলাম, আব্দুর রকিব, আব্দুল্লাহ আল মাসুদ, সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক শাওন আহমেদ, সাংগঠনিক সম্পাদক নাসিমুল জুনায়েদ, সহ সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ মুন্না, কোষাধাক্ষ আফসানা বিশ্বাস তিথি, দপ্তর সম্পাদক আসিফ ইকবাল শুভ, মহিলা বিষয়ক সম্পাদক শাহিনা ইসলাম ইভা, সাহিত্য সম্পাদক সোহেল রানা, প্রচার ও প্রকাশনা সম্পাদক ওমর ফারুক বাপ্পি, বিজ্ঞান সম্পাদক হাসানুজ্জামান, সদস্য আল মাসুম শেখ, মাহফুজ আলম ইমন, সাজিদুর রহমান, সালেহীন শাহেদ, ওবাইদুল্লাহ, ফয়সাল আহমেদ, সুজন শাহ, আদনান কাদির পিয়াল। এছাড়া প্রধান উপদেষ্টা কালের কষ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা পদে সাংবাদিক মাহাবুব চান্দু, সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টু, শামীম জাহাঙ্গীর সেন্টু কে

রাখাকে হয়েছে।

গাংনীতে বিধবা নারীকে যৌন নির্যাতনের চেষ্টা মামলায় আটক ১

মেহেরপুরের গাংনীতে বিধবা এক নারীকে যৌন নির্যাতনের চেষ্টার অভিযোগে ইন্তাজ আলী নামের এক ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

রবিবার রাতে ঐ বিধবা নারী বাদী হয়ে তার নামে গাংনী থানায় মামলা দায়ের করেন। মামলায় ইন্তাজ আলীকে আটক করেছে পুলিশ। ইন্তাজ আলী মটমুড়া ইউনিয়নের হোগলবাড়িয়া ফকির পাড়ার ইসমাইল হোসেনের ছেলে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,গত ১৮ সেপ্টেম্বর শুক্রবার মধ্যে রাতে হোগলবাড়িয়া ফকির পাড়ার জনৈক্য এক বিধবা মহিলার ঘরে প্রবেশ করে তাকে যৌন নির্যতনের চেষ্টা করে ইন্তাজ আলী। এ ঘটনায় ঐ মহিলা বাদী হয়ে তার নামে মামলা দায়ের করেছে। মামলা নং ১১ তাং ২০.০৯.২০২০ ইং।

মামলার আসামী ইন্তাজ আলীকে আটক করে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়। আদালত তার জামিন না মঞ্জুর করে জেল হাজতে প্রেরনের নির্দেশ দেন।

জীবননগরে পুকুরে ডুবে মাদরাসা

শিক্ষার্থীর মৃত্যু

জীবননগরে পুকুরের পানিতে ডুবে এক মাদরাসা ছাত্রের মৃত্যু হয়েছে। গতকাল সোমবার দুপুর ১ টার সময় জীবননগর পৌর সভার ৩নং ওর্য়াড রাজনগর পাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত মাদরাসা ছাত্র রাজনগর পাড়ার আঃ জলিলের ছেলে আব্দুল্লাহ (০৯। স্থানীয় সূত্রে জানা গেছে , প্রতি দিনের ন্যায় গতকাল দুপুরে বন্ধুদের সাথে খেলা করছিল , এ সময় বাড়ির পাশে একটি পুকুরের মধ্যে পড়ে যায়।

বন্ধুরা চিৎকার করলে প্রতিবেশীরা ছুটে এসে পানির মধ্যে থেকে গুরুত্বর আহত অবস্থায় মাদরাসা ছাত্র আব্দুল্লাহকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর মেডিক্যাল অফিসার ডাঃ পার্থ সারতিপাল বলেন , পানিতে ডুবে যাওয়া বাচ্ছাটি হাসপাতালে নেওয়ার আগেই তার মৃত্যু হয়।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন , যেহেতু বাচ্ছাটি পানিতে ডুবে মারা গেছে সে কারণে পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় জীবননগর থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

এদিকে সন্তানকে হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন মাদরাসা ছাত্র আব্দুল্লাহর পরিবার ।